



নির্বাচন কমিশন  
বাংলাদেশ

নির্বাচন কমিশন সচিবালয়  
শেরে বাংলা নগর, ঢাকা

নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০১১.১৬-৮৮

তারিখ: ১৫ মার্চ, ২০১৬

বিষয় : ১ম ও ২য় পর্ষায়ে ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচনে ভোটগ্রহণ উপলক্ষে প্রিজাইডিং অফিসারগণ কর্তৃক ডাকযোগে ভোটগণনার হিসাব বিবরণীর কপি প্রেরণের সুবিধার্থে সংশ্লিষ্ট ডাকঘরসমূহ খোলা রাখা প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, মাননীয় নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত ১ম পর্যায়ের ৭২২টি ইউনিয়ন পরিষদের নির্বাচনে ভোট গ্রহণের তারিখ ২২ মার্চ, ২০১৬, টাংগাইল জেলার নাগরপুর উপজেলার ১১টি ইউনিয়নের ভোটগ্রহণের তারিখ ২৩ মার্চ, ২০১৬, টেকনাফ উপজেলার হোয়াইক্যং ও ফীলা ইউনিয়নের ভোট গ্রহণের তারিখ ২৭ মার্চ, ২০১৬ এবং ২য় পর্যায়ের ৬৪৩টি ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচনে ভোট গ্রহণের তারিখ ৩১ মার্চ, ২০১৬ নির্ধারণ করা হয়েছে। উল্লিখিত ইউনিয়ন পরিষদ নির্বাচনের ইউনিয়নসমূহের তালিকা এতদসঙ্গে সংযুক্ত করা হলো। নিয়োজিত প্রিজাইডিং অফিসারগণ ভোটগণনার বিবরণীর একটি কপি ডাকযোগে সরাসরি নির্বাচন কমিশন সমীপে প্রেরণ করবেন। উক্ত ভোটগণনার বিবরণী প্রেরণের জন্য নির্ধারিত খামের নমুনা এতদসঙ্গে প্রেরণ করা হলো। উল্লেখ্য যে, ভোটগণনার বিবরণী যথাযথভাবে নির্বাচন কমিশনে পৌঁছানোর জন্য প্রিজাইডিং অফিসার তা অগ্রিম ডাকমাশুল পরিশোধ না করে নিকটবর্তী যে কোন ডাকঘর হতে বীমাকৃত ডাকযোগে অথবা প্রাপ্তিস্বীকার রেজিস্টার্ড (Registered with A/D) ডাকযোগে প্রেরণ করবেন। প্রিজাইডিং অফিসার সংশ্লিষ্ট পোস্ট অফিস হতে অবশ্যই প্রাপ্তি স্বীকার গ্রহণ করবেন। এমনকি ভোটগ্রহণের পরের দিনও উল্লিখিত খামে প্রাপ্ত ভোটগণনার বিবরণী একই পদ্ধতিতে নির্বাচন কমিশনে প্রেরণের ব্যবস্থা করবেন। ডাকমাশুল বাবদ প্রাপ্য বিল প্রাপ্তির পর নির্বাচন কমিশন সচিবালয়ের নির্ধারিত খাত হতে ডাক বিভাগ-কে পরিশোধ করা হবে।

২। এমতাবস্থায়, প্রিজাইডিং অফিসারগণ যাতে অগ্রিম ডাক মাশুল পরিশোধ না করে নিকটবর্তী যে কোন ডাকঘর হতে ভোট গণনার বিবরণী বীমাকৃত ডাকযোগে অথবা প্রাপ্তি স্বীকার রেজিস্টার্ড ডাকযোগে (Registered with A/D) সরাসরি নির্বাচন কমিশন সমীপে প্রেরণ করতে পারেন সে লক্ষ্যে উপরে উল্লিখিত ভোট গ্রহণের দিন বিকেল ৫:০০টা হতে প্রয়োজনবোধে সারা রাত ও পরের দিন সকাল পর্যন্ত সংশ্লিষ্ট ডাকঘরসমূহ খোলা রেখে ডাকযোগে প্রেরিত ফলাফল বিবরণী জরুরী ভিত্তিতে নির্বাচন কমিশনে প্রেরণের নিশ্চয়তা বিধানের জন্য বিশেষভাবে আদিষ্ট হয়ে অনুরোধ করা হল।

সংলগ্নীঃ উপরে বর্ণিত (.....পাতা)

মহা-পরিচালক  
বাংলাদেশ ডাক বিভাগ  
ঢাকা

জারীকৃত  
২৪/৩/১৬

২৫/৩/১৬  
(মোঃ সামসুল আলম)  
উপ-সচিব  
নির্বাচন পরিচালনা-২  
ফোনঃ ৯১৮০৬৫৩

নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০১১.১৬-৮৮


তারিখ: ১৫ মার্চ, ২০১৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।

০/৫

৩. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/জনপ্রশাসন মন্ত্রণালয়/অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৫. সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৬. সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়/সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়/তথ্য মন্ত্রণালয়/শিক্ষা মন্ত্রণালয়/ সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব), ঢাকা
৮. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. কমিশনার, .....(সকল বিভাগ)
১০. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৩. জেলা প্রশাসক, .....(সংশ্লিষ্ট)
১৪. পুলিশ সুপার, .....(সংশ্লিষ্ট)
১৫. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৬. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, .....(সকল)
১৭. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৮. জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, .....(সকল)
১৯. একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
২০. একান্ত সচিব, মাননীয় নির্বাচন কমিশনার জনাব ....., নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
২১. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয় এর সদয় অবগতির জন্য)
২২. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (অর্থ ও বাজেট/ক্রয় ও মুদ্রণ শাখা/নির্বাচন প্রশাসন/নির্বাচন সহায়তা-১ ও ২)/জনবল ব্যবস্থাপনা-১, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৩. অফিসার-ইন-চার্জ, .....(সংশ্লিষ্ট সকল থানা)

  
 (মোহাম্মদ আশফাকুর রহমান)  
 সহকারী সচিব  
 নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-২